

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
+88-02-9511066, +88-02-9552323, www.most.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

“রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের  
বাস্তবায়ন অগ্রগতির কার্যক্রম পর্যালোচনা সভা অনুষ্ঠিত”

ঢাকা ১২ ডিসেম্বর, ২০১৮;

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং সংক্রান্ত ৪৬ সভা আজ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে বিজ্ঞান ও প্রযুক্তি সচিব মোঃ আনোয়ার হোসেন সভাপতিত্ব করেন।

অনুষ্ঠানে সচিব বলেন, জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী নিরাপত্তা ও সুরক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নির্মিত হচ্ছে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (IAEA) সহযোগিতা ও পরামর্শে এবং রাশান ফেডারেশনের সার্বিক সহযোগিতায় সবসময়ই নিরাপত্তা ইস্যুকে প্রথমেই বিবেচনায় আনা হয়েছে।

তিনি আরও বলেন, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এদেশের মানুষের কল্যাণ ও নিরাপত্তাকে সবার আগে বিবেচনায় নেন। তাঁর নেতৃত্বে এ সরকার জনগন ও দেশের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তাই রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তার উপর সর্বোচ্চ জোর দেয়া হচ্ছে। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএই) এর দিকনির্দেশনা অনুযায়ী নির্মাণের প্রতিটি খাপে কঠোরভাবে অনুসরণ করা হচ্ছে।

উক্ত অনুষ্ঠানে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী এবং মন্ত্রণালয়াধীন সংস্থাসমূহের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

১২.১২.১৮  
(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

ফোন: ৯৫৪ ০৩৮৭ (অধি) / ০১৭১১-৮১৫৮৮১

E-mail: [pro@most.gov.bd](mailto:pro@most.gov.bd)  
[royv047@gmail.com](mailto:royv047@gmail.com)